

## নির্বাচনী প্রচারের গাইডলাইন

### যা করণীয়

করণীয় বিতরণের তালিকাসমূহ তৈরি করুন যেন আপনি সহজে ইমেইল, সোশ্যাল মিডিয়া এবং ডাকযোগে সম্ভাব্য বিবিধ ভোটারগ্রুপকে সহজে প্রচার সামগ্রী পাঠাতে পারেন।

করণীয় একটি বিশেষ ইমেইল ঠিকানা তৈরি করুন যা সহজে আপনার প্রচারণার যোগাযোগ ব্যবস্থাকে শনাক্ত করে (যেমন, JohnDoe4CECXX@gmail.com)।

করণীয় আপনার প্রার্থীতা প্রচার করতে ব্যক্তিগত সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট, ব্লগ অথবা ওয়েবসাইট ব্যবহার করুন।

করণীয় বিভিন্ন আর্টিকেল, অপ-এড, ব্লগ পোস্ট লিখুন, যা আপনার মতামত এবং শিক্ষা সম্পর্কিত বিভিন্ন বিষয়ে আপনার জ্ঞানের প্রকাশ করে।

করণীয় বন্ধু-বান্ধব এবং পরিবারকে আপনার প্রচারণা বৃদ্ধিতে আপনাকে সহায়তাদানে স্বেচ্ছায় নিয়োজিত হওয়ার সুযোগ দিন।

করণীয় ভার্চুয়াল মিটিং এবং অনুষ্ঠানের আয়োজন করুন এবং অংশগ্রহণ করুন যা আপনাকে আপনার চিন্তা-ভাবনা প্রকাশের এবং সম্ভাব্য ভোটারদেরকে আপনাকে প্রশংসন করার সুযোগ দেয়।

করণীয় আপনার নেইবারহুডে (মহল্লায়), কমিউনিটি মিটিংয়ে, স্কুলের কাছে (DOE-এর স্থানে নয়), বিভিন্ন পার্কে অথবা অন্য কোনো উন্মুক্ত স্থানে যেখানে আপনি সম্ভাব্য ভোটার পেতে পারেন, ফ্লায়ার এবং অন্য প্রচারণা সামগ্রী বিলি করুন।

করণীয় DOE-এর নয় এমন পাবলিক অথবা প্রাইভেট ফোরামে যেমন কমিউনিটি বোর্ড মিটিং, কমিউনিটি প্রিসিংষ্ট মিটিং, এবং অন্য অনুষ্ঠানে আপনার প্রার্থীতা প্রচার করুন।

করণীয় DOE-এর অনুমোদিত প্রচার অনুষ্ঠানে যেমন প্রার্থী ফোরামসমূহে প্রচার সামগ্রী আনুন এবং প্রদর্শন করুন।

করণীয় আপনার প্রচারণায় আপনি যে অর্থ ব্যয় করেন তার রেকর্ড (যেমন, রিসিট অথবা ইনভয়েস) রাখুন।



## যা করবেন না

এইসব নির্দেশনা সাধারণত চ্যাঙ্গেলরের প্রবিধান D-130-এ যেসব ব্যবস্থা নেয়া হয়েছে সেগুলি প্রতিফলিত করে, যা পদ-প্রার্থীর অফিস হিসেবে DOE-এর বিল্ডিং এবং অন্য রিসোর্সসমূহের ব্যবহার নিয়ন্ত্রণ করে।

**করবেন না** যোগাযোগের তথ্য অথবা বিতরণ-তালিকা ব্যবহার যা আপনি কোন DOE কর্মীর অথবা DOE-র ভিতরে বর্তমান অথবা প্রাক্তন প্যারেন্ট লিডারশিপ ভূমিকায় থাকার কারণে পেয়েছেন।

**করবেন না** প্রার্থী হিসেবে আপনাকে শনাক্তকারী কোনো অতীত ইতিহাস অথবা অন্য সামগ্রী প্রদর্শন, অথবা DOE-সমর্থিত ভার্চুয়াল স্পেসে প্রচারণা (যেমন PA/PTA, প্রেসিডেন্টস് কাউন্সিল, SLT, টাইটেল ওয়ান PAC, DPAC, CPAC এবং CCEC মিটিং) এর ব্যতিক্রম DOE-সমর্থিত প্রার্থী ফোরাম, এতে অন্তর্ভুক্ত প্যারেন্ট সংগঠনের মিটিং যেখানে সকল প্রার্থীকে আমন্ত্রণ জানানো হয়েছে।

**করবেন না** প্রচার সামগ্রী তৈরি বা বিলি করতে স্কুল বা DOE-এর যন্ত্রপাতি বা উপকরণ ব্যবহার।

**করবেন না** কোন স্কুল অথবা বিষয় DOE সম্পত্তিতে প্রচারণা সামগ্রী পোস্ট অথবা বিতরণ, এর অন্তর্ভুক্ত PA/PTA অথবা অন্য কারো কাছে ডাকযোগে বিভিন্ন সামগ্রী পাঠানো।

**করবেন না** পিতামাতা সংগঠনগুলোর অফিশিয়াল DOE ইমেইল ঠিকানায় প্রচারণা সামগ্রী পাঠানো।

**করবেন না** যেকোনো DOE-সমর্থিত পিতামাতা সংগঠনের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট অথবা ওয়েবসাইটে কোনো প্রচারণা সামগ্রী পোস্ট অথবা কাউকে পোস্ট করতে অনুরোধ করা (যেমন, PA/PTA, প্রেসিডেন্টস্ কাউন্সিল, SLT, টাইটেল ওয়ান PAC, DPAC, CPAC এবং CCECs)।

**করবেন না** DOE-এর কোনো কর্মী অথবা CCEC-এর কোনো অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্টকে আপনার পক্ষ হয়ে প্রচারণা সামগ্রী বিতরণ করতে বলা।

## **Learn·Run·Vote 2023 Education Council Elections**

অন্য প্রার্থীদের সাথে প্রচার সামগ্রী শেয়ার করবেন না, এর অন্তর্ভুক্ত যৌথভাবে অনুষ্ঠান আয়োজন, যৌথভাবে প্রচার সামগ্রী তৈরি অথবা অন্য প্রার্থীদেরকে অর্থ বা পরিষেবা অনুদান দেয়া।

**করবেন না** আপনার প্রচারণায় \$500 ডলারের অধিক ব্যয় করা।

**করবেন না** কোনো ব্যক্তি অথবা সংগঠন থেকে প্রচারের অনুদান অথবা অন্য কোন উপহার চাওয়া অথবা গ্রহণ করা - এর অন্তর্ভুক্ত বিভিন্ন পরিষেবা যেমন ফোন ব্যাঙ্কিং অথবা অ্যাডভারটাইজিং।

**করবেন না** কোনো রাজনৈতিক এবং দলীয় কর্মকর্তা, অথবা কোনো নির্বাচিত কর্মকর্তা যার অন্তর্ভুক্ত কমিউনিটি বা সিটিওয়াইড কাউন্সিল সদস্য, তাদের কাছ থেকে অনুমোদন চাইবেন বা গ্রহণ করবেন না।

